

## সহজ প্রশ্নে স্বস্তি প্রথম দিনে উৎফুল্ল শিক্ষার্থীরা



শুরু হয়েছে এসএসসি ও সমমান পরীক্ষা। কেন্দ্রে প্রবেশের আগে মেয়েকে দোয়া করছেন মা। গতকাল মঙ্গলবার সিলেট নগরীর শিবগঞ্জের সৈয়দ হাতিম আলী উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ থেকে তোলা ছবি -ইউসুফ আলী

### সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২২ এপ্রিল ২০২৬ | ০৭:৪৬ | আপডেট: ২২ এপ্রিল ২০২৬ | ০৮:০৪

| প্রিন্ট সংস্করণ



এসএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে গতকাল মঙ্গলবার স্বস্তির নিঃশ্বাস ফেলেছে অধিকাংশ পরীক্ষার্থী। বাংলা প্রথম পত্রের প্রশ্ন সহজ হওয়ায় রাজধানীসহ দেশের বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা শেষে শিক্ষার্থীদের মুখে ছিল উচ্ছ্বাসের ছাপ।

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তথ্য অনুযায়ী, প্রথম দিনে ১১টি শিক্ষা বোর্ডে ২৫ হাজার ৪০৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। নকল ও অনিয়মের দায়ে বহিষ্কার করা হয়েছে সাতজনকে, যার মধ্যে ছয় পরীক্ষার্থী ও একজন পরিদর্শক।

৯টি সাধারণ শিক্ষা বোর্ডে বাংলা প্রথম পত্র পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল ১১ লাখ ৩৪ হাজার ৮৫৩ জনের। অংশ নিয়েছে ১১ লাখ ২২ হাজার ৯৬৩ জন। অনুপস্থিত ছিল ১১ হাজার ৮৯০ জন। মাদ্রাসা বোর্ডে দাখিল পরীক্ষায় অনুপস্থিত ছিল ১১ হাজার ২১১ জন এবং কারিগরি বোর্ডে অনুপস্থিত ছিল দুই হাজার ৩০৭ জন।

গতকাল রাজধানীর আজিমপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেওয়া শিক্ষার্থী আফিয়া রশীদ আফরিন রহমান পরীক্ষা শেষে সমকালকে জানায়, প্রশ্নপত্র সহজ হয়েছে। সব প্রশ্নের উত্তর লিখে এসেছে।

একই কেন্দ্রে পরীক্ষা দেওয়া হলি ক্রস গার্লস হাইস্কুলের শিক্ষার্থীরাও একই অভিজ্ঞতার কথা জানিয়েছে। পরীক্ষার্থী নাজিফা আনজুম জানায়, বাংলা সহজ হবে জানতাম, কিন্তু এত সহজ হবে ভাবিনি। শুরুটা ভালো হয়েছে। এ ধারাটা থাকলে গোল্ডেন জিপিএ ৫ পাওয়ার আশা পূরণ হবে।

### প্রশ্নের মান নিয়ে শিক্ষকদের প্রশ্ন

শিক্ষার্থীরা প্রশ্ন সহজ হওয়ায় সন্তুষ্ট হলেও শিক্ষকরা বাংলা প্রশ্নের মান নিয়ে প্রশ্ন তুলেছেন। রাজধানীর একটি শিক্ষাপ্রতিষ্ঠানের বাংলা বিষয়ের শিক্ষক ইসমত আরা বলেন, প্রশ্নগুলো গাইড বই থেকে প্রায় ছবছ তুলে দেওয়া হয়েছে। এতে শিক্ষার্থীরা মুখস্থ লিখে আসছে। তারা খুশি ঠিকই, কিন্তু পাবলিক পরীক্ষার প্রশ্নে সৃজনশীলতা কোথায়?

তবে এ বিষয়ে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক কামাল উদ্দিন হায়দার বলেন, প্রশ্ন কয়েক ধাপে বিশেষজ্ঞদের মাধ্যমে প্রণয়ন ও মডারেশন করা হয়। আমরা বিশ্বাস করি, মানসম্মত প্রশ্নই হয়েছে।

### সুষ্ঠু পরীক্ষা হয়েছে: শিক্ষামন্ত্রী

পরীক্ষার প্রথম দিনে দুই জেলায় চারটি কেন্দ্রে আকস্মিক পরিদর্শন করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন। তিনি শিক্ষক ও অভিভাবকদের সঙ্গে কথা বলেন। পরিদর্শন শেষে শিক্ষামন্ত্রী রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সাংবাদিকদের কাছে প্রতিক্রিয়া জানান। পরীক্ষার সার্বিক পরিবেশ নিয়ে সন্তোষ প্রকাশ করে তিনি বলেন, সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা হয়েছে। আমি নিজে কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেছি, সিসি ক্যামেরায় দেখেছি। প্রশ্নপত্র ফাঁসেরও কোনো ঘটনা নেই। ভবিষ্যতেও এ ধরনের সুযোগ দেওয়া হবে না।

### মানিকগঞ্জের দুই শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি

মানিকগঞ্জ প্রতিনিধি জানান, পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে বেলা ১১টার দিকে মানিকগঞ্জ যান শিক্ষামন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন। সিংগাইর উপজেলার জয়মন্টপ উচ্চ বিদ্যালয় ও শাহরাইল উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী। এ সময় তিনি দায়িত্ব থেকে দুই শিক্ষককে সরিয়ে দেওয়ার নির্দেশ দেন। তাৎক্ষণিকভাবে জয়মন্টপ উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শিক্ষক ইকবাল হোসেন ও আকিজ ফাউন্ডেশনের ভোকেশনাল স্কুলের শিক্ষক শাহরিয়ার কবিরকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়।